

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(বেসরকারি মাধ্যমিক-৩ শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৬২

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ  
৩১ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

### আদেশ


বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুসারে 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' এবং 'গ্রন্থাগার প্রভাষক' পদ ০২টি অন্যান্য প্রবেশ পর্যায়ে (এন্ট্রি লেভেল) শিক্ষকের ন্যায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) এর মাধ্যমে নিয়োগ সুপারিশ প্রদান।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১, তারিখ: ২৮ মার্চ ২০২১ অনুসারে 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' [পূর্বের পদ 'সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার'] এবং 'গ্রন্থাগার প্রভাষক' [পূর্বের পদ 'গ্রন্থাগারিক'] এর পদ ০২টি-তে নিয়োগের ক্ষেত্রে অন্যান্য প্রবেশ পর্যায়ে (এন্ট্রি লেভেল) শিক্ষকের ন্যায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) এর মাধ্যমে নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও উত্তীর্ণদের সনদ প্রদানসহ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদার অনুকূলে নিয়োগ সুপারিশ করতে হবে।

২.০ ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার অংশ হিসেবে এ দুটি পদে এনটিআরসিএ সিলেবাস প্রণয়নসহ শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করবে। তবে, এ আদেশ জারির আগে বিধিমোতাবেক যীদের নিয়োগ পরীক্ষা সম্পন্নসহ ফলাফল প্রকাশ করে প্রার্থী 'চূড়ান্ত' করা হয়েছে তাঁরা যথাযথ প্রক্রিয়ায় পূর্বের নিয়মে এমপিওভুক্ত হতে পারবেন।

৩.০ এ আদেশ জারির পর কোনো শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি কর্তৃক উল্লিখিত ০২টি পদে আর নিয়োগ প্রদান করা যাবে না। এ আদেশ জারির পর বর্ণিত ০২টি পদে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি কর্তৃক নিয়োগ প্রদান করা হলে তা অবৈধ নিয়োগ বলে বিবেচিত হবে এবং তাঁরা কোনোভাবেই এমপিওভুক্তির আওতায় আসবে না।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

  
(মোমিনুর রশিদ আমিন)  
অতিরিক্ত সচিব  
ফোন: ৯৫৪০৯০৮

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৬২

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ  
৩১ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. কমিশনার, ----- বিভাগ (সকল)।
৪. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

৫. জেলা প্রশাসক,----- (সকল)।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,----- (সকল)।
৭. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,----- বিভাগ (সকল)।
১৪. উপজেলা নির্বাহী অফিসার,----- (সকল)।
১৫. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৬. জেলা হিসাবরক্ষণ অফিসার,----- (সকল)।
১৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ----- (সকল)।
১৯. অফিস কপি।